তালা উপজেলা পরিষদের জুন/ ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : শেখ মোঃ রাসেল
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

সভার তারিখ : ৩০/০৬/২০২৫খ্রিঃ
সভার সময় : সকাল ১১.৩০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা নথিতে সংরক্ষিত।
সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান ।অতঃপর সভার কাজ শুরু করেন।

**বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ:**
সভার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, তালা পর পর বিভাগওয়ারী আলোচনা করার জন্য সকল বিভাগকে অনুরোধ করেন।

| ক্র.নং | বিভাগ/বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশল বিভাগ | (১) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ (৩য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় সাতক্ষীরা জেলার তালা উপজেলার মাগুরা ইউনিয়ন পরিষদ ও নগরঘাটা ইউনিয়ন পরিষদের নতুন ভবন নির্মাণের জন্য গত ০৯/০৪/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদন পাওয়া যায়। সে প্রেক্ষিতে প্রকল্পের পূর্ত কাজ শুরু করার লক্ষ্যে প্রস্তাবিত জমির সয়েল টেষ্ট ও টপোগ্রাফিক সার্ভে রিপোর্ট করা প্রয়োজন। নির্ধারিত জমির সয়েল টেষ্টের জন্য এসপিটি রিপোর্টের ক্ষেত্রে প্রতিটি জমিতে চারটি বোরিং এবং প্রতিটি বোরিং এর গভীরতা কমপক্ষে ৬৫ ফুট হতে হবে। এপ্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য জায়গা নির্ধারণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়<br>(২) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (২য় পর্ব) শীর্ষক প্রকল্পের আওতায় সাতক্ষীরা জেলার তালা উপজেলার খলিষখালী ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের জন্য অনুমোদন পাওয়া যায়। কাজটি ২১/১২/২০২৫ খ্রিঃ এর মধ্যে শেষ করার লক্ষ্যে মেসার্স হাসেমী কন্ট্রাকশন, তালা, সাতক্ষীরা কে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সাতক্ষীরা মহোদয়ের দপ্তর হতে কার্যাদেশ প্রদান করা হয়। সংশ্লিষ্ট ঠিকাদার ও ইউনিয়ন ভূমি অফিসের সকলের উপস্থিতিতে কাজটি সম্পাদনের জন্য স্থান নির্বাচন করা হয়। কিন্তু নির্ধারিত স্থানটিতে কয়েকটি গাছ থাকায় সেগুলো অপসারণ না করে কাজ বাস্তবায়ন করা সম্ভব নয়। এ বিষয়ে ঠিকাদার তার সাইট বুঝে পাওয়ার জন্য পত্র দিয়ে অবহিত করেছেন ;<br>(৩) উপজেলা নির্বাহী অফিসার সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, ২০২১-২০২২, ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত তহবিল ও বার্ষিক উন্নয়ন কর্মসূচির (বিশেষ বরাদ্দ) আওতায় তালা উপজেলায় ফেব্রুয়ারি/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভায় আলোচিত এবং যমুনা টিভি প্রতিবেদন প্রকাশের ভিত্তিতে কাজগুলো বাস্তব অগ্রগতি সরেজমিনে পরিদর্শন | (১) বিস্তারিত আলোচনান্তে নগরঘাটা ও মাগুরা ইউনিয়নের বর্তমান ইউনিয়ন পরিষদ স্থলে নতুন ভবন নির্মাণের জন্য জায়গা নির্ধারণ করা হয়। দ্রুত কাজ বাস্তবায়নের জন্য স্ব-স্ব ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে টপোগ্রাফিক সার্ভে ও সয়েল টেস্ট সম্পন্ন করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রাক্কলন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>(২) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নতুন ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানের গাছগুলো দ্রুত অপসারণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। বিধি মোতাবেক উক্ত গাছগুলো প্রকাশ্য নিলামে বিক্রির জন্য সহকারী কমিশনার (ভূমি) কে অনুরোধ করা হয়।<br>(৩) বিস্তারিত আলোচনান্তে অবশিষ্ট অর্থ দিয়ে অনাকাঙ্খিত দুর্ঘটনা প্রতিরোধকল্পে জরুরি ভিত্তিতে এলজিইডি কর্তৃক নির্মিত উপজেলা পরিষদের মেইন গেটের (ডান পার্শ্বে) উপরে আরসিসি স্লাব নির্মাণের জন্য সকলে একমত পোষণ করেন। উপজেলা পরিষদের সামনে অবস্থিত ড্রেইনটি নিয়মিত পরিষ্কার করার স্বার্থে উক্ত ড্রেনের উপর ছোট সাইজের আরসিসি স্লাব নির্মাণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। বিগত ০৫/০৫/২০২৫ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। উপজেলা প্রকৌশলী, তালা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করে প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা কৃষি অফিসারকে আহ্বায়ক করে একটি ছয় সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছিল। কমিটি সরেজমিনে কাজগুলো পরিদর্শন করে একটি প্রতিবেদন দাখিল করেন। যেখানে কাজের গুণগতমান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়। উপজেলা পরিষদের মাসিক (বিশেষ) সমন্বয় সভা (এপ্রিল/২০২৪) সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের মেইন গেট সংলগ্ন ড্রেনের (অসমাপ্ত অংশ) অবশিষ্ট অর্থ পে-অর্ডার বাবদ জমা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(৪) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে পরিচালন বাজেটে ইউনিয়ন পরিষদ খাতের আওতায় অন্যান্য ভবন ও স্থাপনা উপ-খাতে স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা স্মারক নং- **৯৮৫**, তারিখঃ ১৩/০৪/২০২৫ খ্রিঃ মারফত সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন ধানদিয়া ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের জন্য দশ লক্ষ টাকা অনুমোদন পাওয়া যায়। যা, জুন/২০২৫ এর মধ্যে কাজ বাস্তবায়ন করতে হবে মর্মে নিদের্শনা রয়েছে। ধানদিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ঠিকাদার নির্বাচনের জন্য সকলকে অনুরোধ করেন।<br>(৫) উপজেলা প্রকৌশলী বলেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের মধ্যে উপজেলা পরিষদের অস্থায়ী মসজিদ সংলগ্ন রাস্তা ইতিমধ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় উন্নয়ন করা হয়েছে। বিধায়, উল্লিখিত প্রকল্পের স্থানে আটারই মোড়লপাড়া খলিল মোড়লের পুকুর পাইলিংকরণ (পিআইসির মাধ্যমে দুই লক্ষ টাকা) এবং উপজেলা পরিষদের সীমানা প্রাচীর সংলগ্ন ব্যারিকেড নির্মাণ প্রকল্পটি সংশোধিত করে উপজেলা পরিষদের অভ্যন্তরে দ্বিতীয় তলায় অবস্থিত পাবলিক টয়লেটের স্লাবের পার্শে রেলিংকরণ ও নিচে সেপটিক ট্যাংক নির্মাণ (পিআইসির মাধ্যমে দুই লক্ষ টাকা) এবং তালা পাবলিক স্কুলের জরাজীর্ণ টিনশেড ভবন (পিআইসির মাধ্যমে দুই লক্ষ টাকা) করার জন্য এবং ০৬ নং তালা সদর ইউনিয়নের তালা মহিলা কলেজের পশ্চিম পাশে ইকবালের দোকান হইতে মশিয়ারের বাড়ি পর্যন্ত রাস্তাটি (পিআইসির মাধ্যমে দুই লক্ষ টাকা) ইটের সোলিংকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় উপজেলা পরিষদের সামনের বাগানে পার্কিং টালি ও টাইলসকরণ কাজ (বরাদ্দ- ৪ লক্ষ) বাস্তবায়নের স্বার্থে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ঠিকাদার নির্বাচন করে দ্রুত কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সাধারণ (বিশেষ) সভায় গত অর্থ বছরের ড্রেন নির্মাণের জন্য পে-অর্ডারকৃত উপরোক্ত বরাদ্দের কাজ আংশিক পরিবর্তন করে পুনঃপ্রাক্কলন পূর্বক জরুরি ভিত্তিতে সম্পন্ন করার জন্য **উপজেলা পরিষদের সম্মুখে ড্রেনের উপরে আরসিসি স্লাব নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় (তালা - জাতপুর জিসি (সওজ) তারা খেজুরবুনিয়া জিসি সড়কে আরসিসি ড্রেনের উপর স্লাব** নির্মাণ) চেয়ারম্যান, জালালপুর ইউপি কে সভাপতি করে নিম্নরূপ ভাবে কমিটি গঠন করে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**কমিটিঃ**<br>১। এম মফিদুল হক লিটু, চেয়ারম্যান, জালালপুর ইউপি, তালা, সাতক্ষীরা।<br>২। মোঃ জাহাঙ্গীর আলম, ধানদিয়া ইউপি, তালা, সাতক্ষীরা।<br>৩। মোঃ জাহাঙ্গীর হোসেন, ঠিকাদার ও ব্যবসায়ী, তালা, সাতক্ষীরা।<br>৪। মোঃ আবু সাঈদ, সমাজসেবক, তালা, সাতক্ষীরা।<br>৫। মোঃ আনোয়ারুল ইসলাম, ঠিকাদার ও ব্যবসায়ী, তালা, সাতক্ষীরা।<br>৬। মোঃ আব্দুল লতিফ, ঠিকাদার ও সমাজসেবক, তালা, সাতক্ষীরা।<br>৭। শফিকুল ইসলাম, সেক্রেটারী, নাগরিক কমিটি, তালা, সাতক্ষীরা।<br>উল্লিখিত প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট প্রকল্প কমিটিকে পে-অর্ডারকৃত অর্থ প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা দেওয়া হয়। প্রকল্প কাজ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট পিআইসি সভাপতি উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করবেন। ভবিষ্যতে কাজ বাস্তবায়নে কোনো ধরনের জটিলতা সৃষ্টি হলে প্রকল্প কমিটি দায়ী থাকবে এবং কাজ ত্রুটিপূর্ণ | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (৬) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, সাতক্ষীরা জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় তালা উপজেলার বিভিন্ন ইউনিয়ন সড়ক, গ্রাম সড়ক-এ, গ্রাম সড়ক-বি, ব্রিজ, কালভার্ট, ইউ-ড্রেন, গ্রামীণ হাট বাজার, ঘাটলা ও উপজেলা পরিষদের অভ্যন্তরে কর্মকর্তা/কর্মচারীদের থাকার জন্য দুইটি ডরমিটরি ভবন নির্মাণের জন্য প্রস্তাবনা দেওয়া হয়েছে।<br>(৭) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার **Connectivity** বৃদ্ধি একটি দক্ষ সড়ক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সড়ক ও সড়ক অবকাঠামো সুবিন্যাস্ত তথ্য সম্বলিত একটি নির্ভরযোগ্য রোড ইনভেন্টরী তৈরির জন্য সকল প্রকার ইনভেন্টরীতে অন্তর্ভুক্তির বিকল্প নাই। কিন্তু অনেক গুরুত্বপূর্ণ গ্রাম সড়ক রোড ইনভেন্টরীতে অন্তর্ভুক্ত না হওয়ার কারণে সে সকল সড়ক উন্নয়ন করা সম্ভব হচ্ছে না। ফলে প্রকল্পের পল্লী অবকাঠামো উন্নয়নের কাংখিত সুফল গ্রামীণ জনগণের নিকট পৌঁছানো কষ্টসাধ্য হয়ে পড়েছে। এজন্য তালা উপজেলার যে সকল গ্রাম সড়ক এলজিইডি'র রোড ইনভেন্টরীতে অন্তর্ভুক্ত করা হয়নি সেসকল সড়ক আইডিভুক্ত করা খুবই জরুরী। উপজেলা প্রকৌশলীর কার্যালয় থেকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ইউপি সদস্যদের মাধ্যমে একটি তালিকা (পরিশিষ্ট-ক) প্রস্তুত করা হয়েছে। যাহা এলজিইডি'র রোড ইনভেন্টরীতে অন্তর্ভুক্ত করা হয়েছে। যাহা এলজিইডি'র রোড ইনভেন্টরীতে অন্তর্ভুক্ত করার জন্য অনুমোদন প্রয়োজন।<br>(৮) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/২০২৪-২০২৫ অর্থ বছরে তালা সদর ইউনিয়নের তালা থানার সম্মুখে ঈদগাহ নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ করে দরপত্র আহ্বান করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট ঠিকাদার কার্যাদেশ প্রাপ্তির পর কাজ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। কিন্তু জমি সংক্রান্ত জটিলতা ও তালা থানার অসম্মতির প্রেক্ষিতে কাজটি যথাসময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | হলে সেটি যথাযথভাবে সংশোধন করবেন।<br>(৪) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে দ্রুত কাজ বাস্তবায়নের স্বার্থে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ঠিকাদার নির্বাচন করে দ্রুত কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক কাজের সন্তোষজনক প্রত্যয়ন সাপেক্ষে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। অসম্পূর্ণ অংশের কাজের কোনো অর্থ যেন তামাদি না হয় সেজন্য সমপরিমাণ অর্থের পে-অর্ডার গ্রহণ করে বিল প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশ প্রদান করা হয়।<br>(৫)বিধিমোতাবেক প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(৬) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে জনগুরুত্বপূর্ণ সড়কগুলো অন্তর্ভুক্ত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>(৭) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং সিদ্ধান্ত অনুযায়ী উল্লিখিত সড়কগুলো এলজিইডি'র গেজেটে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>(৮) বিস্তারিত আলোচনান্তে ঈদগাহ নির্মাণের পরিবর্তে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর সংলগ্ন প্রেসক্লাব অভিমুখে ড্রেন উঁচু করে নির্মাণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। যেহেতু জুন/২০২৫ এর মধ্যে কাজ বাস্তবায়ন সম্ভব নয় সেহেতু উক্ত কাজের বরাদ্দ সহ উপজেলার বিভিন্ন প্রকল্প, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও বিশেষ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পের অসম্পূর্ণ অংশের কাজের কোনো অর্থ যেন তামাদি না হয় সেজন্য সমপরিমাণ অর্থের পে- | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | অর্ডার গ্রহণ করে বিল প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশ প্রদান করা হয়। পিআইসির মাধ্যমে কাজ বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করবেন। কাজ বাস্তবায়নে ভবিষ্যতে কোনো প্রকার জটিলতা সৃষ্টি হলে প্রকল্প বাস্তবায়ন কমিটি দায়ী থাকবে এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকে প্রকল্প বাস্তবায়ন কমিটি/সংশ্লিষ্ট ঠিকাদার ত্রুটিপূর্ণ কাজ নিজ দায়িত্বে সংশোধন করবেন। | |
| ২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ১) ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ও টি,আরসহ অন্যান্য প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পগুলি ১০০% বাস্তবায়ন করা হয়েছে। | সকল কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে সভার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালা<br>৩।ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ৩. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা প্রাথমিক বিদ্যালয়ে চুরির বিষয়টি সভায় আলোচনা করেন। তিনি বলেন, প্রাথমিক বিদ্যালয়ে নৈশ প্রহরী নিয়োগ কার্যক্রম সচল করা গেলে অচিরেই এ সমস্যা সমাধান সহজ হতো। এ বিষয়ে মহামান্য হাইকোর্টে মামলা চলমান রয়েছে মর্মে জানা যায়। | মহামান্য হাইকোর্টে মামলা দ্রুত নিস্পত্তিপূর্বক নৈশ প্রহরী নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এবিষয়ে ডিপিইও অফিসের সাথে প্রয়োজনীয় যোগাযোগের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২।উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন যে, ২০২৫ সালের এইচএসসি ও আলিম পরীক্ষা চলমান রয়েছে। তিনি সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। | চলমান পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২।অফিসার ইন চার্জ, তালা/ পাটকেলঘাটা থানা।<br>৩। উপজেলা প্রকৌশলী, তালা<br>৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ৫. | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় বলেন যে, জুন-২৫ মাসে ৪টি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে। মানব পাচারের কোন তথ্য নেই। | বাল্যবিবাহ প্রতিরোধে নজরদারি আরও বাড়ানোর জন্য মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২।অফিসার ইন চার্জ, তালা / পাটকেলঘাটা থানা।<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তালা সভায় জানান যে, জুন/২০২৫ মোট সক্ষম দম্পতি ৬৩২৭৬ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের সংখ্যা ৪৮৬১৩ জন। গ্রহণকারীর হার ৭৬.৮৩%। চলতি মাসে ০২ জনকে স্থায়ী পদ্ধতি গ্রহণের সেবা প্রদান করা হয়েছে। মা ও শিশু স্বাস্থ্য সেবার এএনসি -১১৫৫ জন, পিএনসি-২৭৮ জন, ডেলিভারী-২৭ জন, শিশু-৩৪৫১ জন এবং সাধারণ রোগী ৪৯৩৯ জনকে সেবা দেয়া হয়েছে। তা ছাড়া প্রতিটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে স্বাভাবিক সেবা কার্যক্রম চলমান | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগকে পরিবার পরিকল্পনা গ্রহণকারীর হার বৃদ্ধির জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২।উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ৭. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ৮. | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। সহকারী কমিশনার (ভূমি), তালা<br>৩। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা<br>৪।অফিসার ইন চার্জ তালা/ পাটকেলঘাটা থানা।<br>৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন যে, সারের মজুদ সন্তোষজনক। তবে চাহিদা অনুযায়ী আরও সারের প্রয়োজন। তিনি সভাকে অবহিত করেন যে, কৃষক পর্যায়ে সারের প্রাপ্যতা সহজতর করার জন্য সকল খুচরা সার ডিলারবৃন্দের নিয়োগকৃত স্ব-স্ব ওয়ার্ডে অবস্থান প্রয়োজন। প্রতিটি ওয়ার্ডে একজন করে সারের ডিলার নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত করা হয়েছে। বিধি মোতাবেক তিনি সকল কার্যক্রম সম্পন্ন করবেন মর্মে সভাকে অবহিত করেন। | ডিলারগণ স্ব-স্ব ওয়ার্ডে ফিরে যাবেন, অন্যথায় সংশ্লিষ্ট ওয়ার্ডে নতুন ডিলার নিয়োগ দেয়া হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা<br>৩।ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ১০. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগের সকল প্রকার ভাতা যথাযথভাবে বিতরণ করা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ১১. | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ বলেন যে, স্থানীয় সরকার বিভাগ পানি সরবরাহ-১ শাখার ২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৫৯৯ নং স্মারকে ২০২৪-২৫ অর্থবছরে এডিপি বাস্তবায়নের লক্ষ্যে ১৪৪টি পানির উৎস (সাব-মার্সিবেল টিউবওয়েল এবং পানির ট্যাংকি) এবং জালালপুর, মাগুরা এবং খেশরা ইউনিয়নে ২১৪টি রেইন ওয়াটার হার্ভেস্টিং (পানির ট্যাংকি) নির্বাচন করা হয়। যার বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের সকল কাজ সুষ্ঠুভাবে চলছে। | বিধিমোতাবেক সকল কাজ সম্পাদনের জন্য জনস্বাস্থ্য বিভাগকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ১২. | উপজেলা তথ্যসেবা বিভাগ | উপজেলা তথ্য আপা (ভারপ্রাপ্ত) সভায় বলেন যে, চলতি বছরে জুন মাসের জন্য ১টা উঠান বৈঠকের সিদ্ধান্ত হয়। | দ্রুত উঠান বৈঠক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। উপজেলা তথ্য আপা, তালা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ১৩. | সামাজিক বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বন বিভাগ, তালা সভায় বলেন যে, তার বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য ফরেষ্টার, তালাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। ফরেস্টার, সামাজিক বন বিভাগ<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ১৪. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | ইউএইচএফপিও, তালা হাসপাতাল, সভায় বলেন যে, সম্প্রতি তার হাসপাতাল হতে ১০টি এসির আউটলেট চুরি হওয়ার ঘটনায় তিনি থানায় জিডি করেছেন। একটি কমিটিও গঠন করা হয়েছে। যার তদন্তের কাজ চলমান। | এসি চুরির বিষয়টি সঠিক তদন্তের মাধ্যমে ব্যবস্থা নেয়ার জন্য ইউএইচএফপিও ও পুলিশ বিভাগকে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তালা<br>৩। অফিসার ইন চার্জ, তালা থানা<br>৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা বিআরডিবি কর্মকর্তা বলেন যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা বিআরডিবি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। উপজেলা বিআরডিবি কর্মকর্তা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ১৬. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি বলেন যে, তাদের দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মানুযায়ী সকল কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তালা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ১৮. | উপজেলা রিসোর্স সেন্টার বিভাগ | উপজেলা ইন্সট্রাক্টার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২।ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ১৯. | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি কর্মকর্তা বলেন যে, আইসিটি বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। উপজেলা আইসিটি কর্মকর্তা, তালা<br>৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ২০ | উপজেলা পরিচালনা ও উন্নয়ন বিভাগ | সভায় ইউডিএফ তালা বলেন, তালা উপজেলার সুষ্ঠু ও সমভাবে উন্নয়নকল্পে তালা উপজেলা পরিষদের বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করার লক্ষ্যে তিনি ইতোমধ্যে কাজ শুরু করেছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | তালা উপজেলার সুষ্ঠু ও সমভাবে উন্নয়নকল্পে তালা উপজেলা পরিষদের বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করার কাজ দ্রুত বাস্তবায়নের অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা<br>২। সহকারী কমিশনার (ভূমি), তালা<br>৩। উপজেলা সকল কর্মকর্তা, তালা<br>৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | চেয়ারম্যান, ধানদিয়া ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, ধানদিয়া ইউপি বলেন যে, তার ইউনিয়নে প্রাপ্ত বরাদ্দ দিয়ে সকল কাজ যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। | প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ২। উপজেলা প্রকৌশলী, তালা ৩।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ২২. | চেয়ারম্যান, নগরঘাটা ইউনিয়ন পরিষদ | সভায় প্যানেল চেয়ারম্যান প্রতিটি ওয়ার্ডে একজন করে সারের ডিলার নিয়োগের জন্য সভাকে অনুরোধ জানান। | ওয়ার্ডে একজন করে সারের ডিলার নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা ৩। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৪।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৫।ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান(সকল) |
| ২৩. | চেয়ারম্যান, সরুলিয়া ইউনিয়ন পরিষদ | সভায় প্যানেল চেয়ারম্যান বলেন যে, তার ইউনিয়নের ২টি ওয়ার্ডে সার ডিলার নেই। দ্রুত সার ডিলার নিয়োগের জন্য সভাকে অনুরোধ করেন। | এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা ৩।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৪।ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল |
| ২৪. | চেয়ারম্যান কুমিরা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যানের প্রতিনিধি সভায় বলেন যে, তার ইউনিয়নে গভীর নলকূপের চাহিদা প্রচুর। তার ইউনিয়নে গভীর নলকূপ প্রদানের জন্য সভাকে অনুরোধ করেন। | গভীর নলকূপ বিধিমোতাবেক বিভাজনের জন্য জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা প্রকৌশলী, তালা ৩।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৪।ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল |
| ২৫. | চেয়ারম্যান, তেঁতুলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যানের প্রতিনিধি সভায় বলেন যে, তার ৫নং ওয়ার্ডে সারের ডিলার শূণ্য রয়েছে। দ্রুত নিয়োগের ব্যবস্থান জন্য অনুরোধ করেন। | বিধিমোতাবেক সংশ্লিষ্ট ওয়ার্ডে সারের ডিলার নিয়োগ করা হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ২৬. | চেয়ারম্যান, তালা সদর ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যানের প্রতিনিধি বলেন যে, সারের ডিলার সম্পর্কে যে ফরম্যাট প্রদান করা হয়েছে। সে মোতাবেক তিনি প্রতিবেদন দাখিল করেছেন। দ্রুত বাস্তবায়নের জন্য সভাকে অনুরোধ করেন। | এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়নকর্মকর্তা ৫।ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল |
| ২৭. | চেয়ারম্যান, ইসলামকাটি ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান মহোদয় বলেন যে, তার ইউনিয়নে প্রাপ্ত বরাদ্দ দিয়ে সকল কাজ যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। | প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়নকর্মকর্তা ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ২৮. | চেয়ারম্যান, মাগুরা ইউনিয়ন পরিষদ | সভায় তার প্রতিনিধি জানান, তার ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ১জন করে সারের ডিলার নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। | বিধিমোতাবেক সকল ওয়ার্ডে সারের ডিলার নিয়োগ করার ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়নকর্মকর্তা ৫।ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল |
| ২৯. | চেয়ারম্যান, খলিষখালী ইউনিয়ন পরিষদ | সভায় তিনি জানান, ভিজিডি কার্ড পাওয়া গেছে ২০০টি। তিনি কার্ডের সংখ্যা বৃদ্ধির জন্য অনুরোধ করেন। | এবিষয়ে প্রয়োজনীয় পত্র যোগাযোগের জন্য মহিলা বিষয়ক দপ্তরকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তালা ৩।ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল |
| ৩০. | চেয়ারম্যান, খেশরা ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান বলেন যে, তার ইউনিয়নেও ভিজিডি কার্ড বৃদ্ধি করা দরকার। | এবিষয়ে প্রয়োজনীয় পত্র যোগাযোগের জন্য মহিলা বিষয়ক দপ্তরকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তালা ৩।ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল |
| ৩১. | চেয়ারম্যান, জালালপুর ইউনিয়ন পরিষদ | সভায় তিনি বলেন, তার ইউনিয়নের সারের ডিলারের বিষয়ে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন মর্মে সভাকে জানান। যে ওয়ার্ডের বাসিন্দা সেই ওয়ার্ডের ডিলারের নিকট হতে সার গ্রহণ করলে সমস্যার সমাধান হতে পারে। কোন দপ্তরের তথ্য প্রয়োজন হলে তথ্য অধিকার আইনে তথ্য নেয়া যেতে পারে মর্মে তিনি সাংবাদিকদের অনুরোধ করেন। এছাড়া তিনি ট্রেড লাইসেন্স বাধ্যতামূলক করতে মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ করেন। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়নকর্মকর্তা ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ৩২. | চেয়ারম্যান, খলিলনগর ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান সভায় বলেন যে, তার ইউনিয়নের ০২টি ওয়ার্ডে সার ডিলার নেই। সার ডিলার প্রয়োজন। | বিধিমোতাবেক ০২টি ওয়ার্ডে সারের ডিলার নিয়োগ করার ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা ২। উপজেলা কৃষি কর্মকর্তা, তালা ৩। উপজেলা প্রকৌশলী, তালা ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়নকর্মকর্তা ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৩. | বিবিধ | ১)সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বলেন, তার হাসপাতালের একজন সুইপার মাস্টার রোলে কাজ করছেন। যাকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে প্রতি মাসে ৫,০০০/- টাকা করে শ্রমিক মুজুরি দেওয়া হয়। কিন্তু বর্তমান দ্রব্যমূল্যের বাজারে উক্ত টাকা দিয়ে তার সংসার নির্বাহ করা খুবই দুরূহ হয়ে যাচ্ছে। যে কারনে তিনি তার শ্রমিক মুজুরি বৃদ্ধির জন্য সভায় প্রস্তাব করেন। | ১) সভায় বিস্তারিত আলোচনান্তে মানবিক কারনে সুইপারের শ্রমিক মুজুরি মাসিক ৫,০০০/- টাকার পরিবর্তে ৭,০০০/- টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, তালা |
| ৩৪ | | সভায় উপজেলা নির্বাহী অফিসার তার বক্তব্যে বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরে এডিপির ১ কোটি ৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। যার বিপরীতে গৃহীত প্রকল্পগুলো ইতোমধ্যে ১০০% বাস্তবায়ন হয়েছে। তাছাড়া টিআর, কাবিখা, কাবিটার কাজও ১০০% বাস্তবায়ন করা হয়েছে। শুধুমাত্র কিছু কিছু রাস্তার পিচ ঢালাইয়ের কাজ চলমান রয়েছে। এছাড়া উপজেলার অন্যান্য সকল বিভাগ তাদের বিভাগীয় উন্নয়নমূলক কাজ ১০০% বাস্তবায়ন করেছে মর্মে সভাকে অবহিত করেছেন। তিনি আলোচনা প্রসঙ্গে আরও বলেন, দেশের পট পরিবর্তনের পর সাতক্ষীরা জেলার প্রতি সরকারের বিশেষ নজর রয়েছে। সাতক্ষীরায় বড় বড় উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হচ্ছে। প্রস্তাবিত ৪টি বিশেষায়িত হাসপাতালের মধ্যে সাতক্ষীরা জেলার তালা উপজেলায় ১টি হাসপাতাল নির্মানের জন্য স্থান নির্বাচন করা হয়েছে। জনস্বাস্থ্য বিভাগের প্রাপ্ত গভীর নলকূপ এবং পানির ট্যাংকি জেলা প্রশাসক মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দিয়ে বিভাজনপূর্বক বিতরণ করা হয়েছে, যার কাজ চলমান। তালার সার্বিক উন্নয়নে তিনি সকলের সহযোগীতা কামনা করেন। | সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১। সংশ্লিষ্ট সকল দপ্তর<br>২। ইউনিয়ন পরিষদ (সকল) |

পরিশেষে তিনি সকলকে সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা ও শুভেচ্ছা জানান। বদলিজনিত কারনে এটা তার শেষ সভা হওয়ায় তিনি সকলকে তার কাজে কাজে সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৬/২৫

শেখ মোঃ রাসেল
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

নম্বর : ০৫.৪৪.৮৭৯০.০০০.০৬.০০১.২৫-

তারিখ : .০৬.২০২৫ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, খুলনা।
৫। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
৬। উপজেলা------------------------------------ কর্মকর্তা,তালা, সাতক্ষীরা।

৩০/০৬/২৫

উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা।